

= গজব প্রেমকি আজব কাহানি =

## মাতাল ও বোতল

সত্যিই তুমি আমায় কত ভালবাস । আমায় আঁকড়ে যেভাবে বুকে জড়িয়ে নিয়েছো, বিশ্বাস কর আমায় এভাবে কেউ কখনও ভালবাসেনি ।

আমি জানি তুমি তুমি চাও না যে আমায় কেউ দেখুক । তুমি খুব দুষ্ক, আমায় যদি কেউ দেখে তাহলে কি হয়েছে, আমি কি ওমনি তার হয়ে যাব । কথা দিলাম আমি তোমায় ছেড়ে কোথাও যাব না । তোমায় এতটা পজেজিড হতে হবে না । পাগল একটা ।

আমি তোমার প্রতিটি হৃদস্পন্দন শুনতে পারছি । তোমার শরীর থেকে পাচ্ছি ভালবাসার উত্তাপ ।

সবার নজর বাঁচিয়ে আমায় নিয়ে এসে তুমি বসলে নিরালস্য । সত্যিই কি সুন্দর চরপাশটা । এই অন্ধকারেও কুলকুল শব্দে পাশ দিয়ে বয়ে বয়ে চলা নদীটার অস্তিত্ব বেশ টের পাচ্ছি ।

আচমকিই আমার মুখে মুখ ঠেকিয়ে আমায় তুমি নিঃশেষ করে দিতে চাইলে । আমি শরীর নিখর হয়ে পড়ল, আমি নিজেকে সম্পূর্ণই তোমার হাতে ছেড়ে দিলাম । মাথার ওপর আকাশের চাঁদ সাক্ষি থাকছে আমাদের ভালবাসার ।

কিন্তু একি, এ তুমি কি করলে, আমায় তুমি নদীতে ছুঁড়ে ফেলে দিলে ? কিন্তু কেন ?

ওহ্ বুঝেছি, ফুরিয়ে গেছি আমি । তোমায় দেবার মত আমার আর কিছুই যে নেই । আমি ভুলেছিলাম তোমার ভালবাসার ছলনায় । ভুলটা আমারই । বুঝিনি যে, আমার মত মদের বোতলের সাথে কোন মাতালের চিরস্থায়ী প্রেম সম্ভব নয় ।

আমি ভেসে চললাম, আমার ভালবাসার দিবিচ, স্রাবথানে বাড়ি ফিরো ।

উত্তরায়ণ দেব

১২ই ফেব্রুয়ারি, ২০১২, পলতা